দৈনিক বাংলা

17 AUG 1988



## ছাত্রদের যোগ্য

১-এর পৃঃ পর

তিনি বলেন, সরকার জোর করে এসব সিদ্ধান্ত চাপিয়ে দিতে চান না। বাস্তবায়নের আগে সরকার সেমিনার ও আলোচনা সভা করে জনমত সংগ্রহ করবেন।

প্রেসিডেন্ট বলেন, ক্যাম্পাসে রাজনীতির অশুভ প্রভাব ছাত্ররা ক্রমশঃ উপলব্ধি করতে পারছে। যেসব রাজনৈতিক দল তাদের ছাত্রফ্রন্ট বহাল রেখেছে, তারা ছাত্রদের একান্তভাবে পড়াশোনা চালানোর সুযোগ দেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, বর্তমান সরকার কারমাইকেল কলেজের যথেষ্ট উন্নতি সাধন করেছেন। এ কলেজ আরও উন্নত হবে।

অতঃপর তিনি আনুষ্ঠানিকভাবে কলেজ মিলনায়তনের ভিত্তি স্থাপন করেন।

প্রেসিডেন্ট সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের রংপুর হাইকোর্ট ডিভিশনের দেয়া এক সংবর্ধনায় যোগদান করেন। সেই সঙ্গে তিনি রংপুর বার এসোসিয়েশন ভবন উদ্বোধন করেন।

এ দুই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রেসিডেন্ট এরশাদ বলেন, রাজনৈতিক মতপার্থক্য থাকতে পারে কিন্তু জাতীয় ইস্যুগুলোয় আমাদের সবার ঐক মত্যে আসা সম্ভব। তিনি সবাইকে নিছক ব্যক্তিস্বার্থ দ্বারা চালিত না হয়ে জাতীয় স্বার্থের অনুকূল বিভিন্ন পদক্ষেপ, গ্রহণের বাস্তব মনোভাব পোষণ করতে বলেন।

অনুষ্ঠানে রংপুর হাইকোর্ট ডিভিশন বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট আজিজুল হক ও রংপুর বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট নুরুল হক সংবিধানের অষ্টম সংশোধনীকে স্বাগত জানান।

প্রেসিডেন্ট এছাড়া রংপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের মার্কেট কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন। এ উপলক্ষে মোনাজাত করা হয়।